যুগান্তর

তারিখ ... 31 JAN 2018 ...
পৃষ্ঠা ... কলাম ...

# নতুন শিক্ষাপ্রতিষ্ঠানের স্বীকৃতি অনির্দিষ্টকালের জন্য বন্ধ

যুগান্তর রিপোর্ট

দেশের মাধ্যমিক পর্যায়ের নতুন শিক্ষাপ্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে। একই স্থগিতাবস্থা প্রতিষ্ঠানের পাঠদান, বিভাগ ও শ্রেণী খোলা কার্যক্রমের ক্ষেত্রেও বহাল থাকবে। আন্দোলনের পরিপ্রেক্ষিতে এমপিওবিহীন প্রতিষ্ঠানগুলোকে সুষ্ঠুভাবে এমপিও দেয়ার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় নীতিগতভাবে এ সিদ্ধান্ত নিয়েছে। তবে বিষয়টি দায়িত্বপ্রাপ্তরা অনানুষ্ঠানিক হিসেবে উল্লেখ করেছেন। মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিব ও একজন যুগ্ম সচিব যুগান্তরকে বলেন, বর্তমানে নন-এমপিও শিক্ষকদের এমপিও দেয়ার বিষয়টি শেষ না হওয়া পর্যন্ত এসব প্রক্রিয়া অলিখিতভাবে বন্ধ রাখা হয়েছে। এ কাজ শেষ করতে সেপ্টেম্বর মাস পর্যন্ত সময় লাগবে। সে কারণে কাজের সুবিধার্থে সেই পর্যন্ত নতুন প্রতিষ্ঠান একাডেমিক স্বীকৃতি, পাঠদান, বিভাগ ও শ্রেণী খোলার মতো কার্যক্রম স্থগিত থাকবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| উপ. পরিসংখ্যান বিভাগ | |
| উপ. ডি.এম.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর